# হজ

## যে শিক্ষা সবার জন্য

ড. রাগিব সারজানি

# হজ

## যে শিক্ষা সবার জন্য

অনুবাদ
মহিউদ্দিন কাসেমী

সম্পাদনা
মুফতি তারেকুজ্জামান

মাকতাবাতুল হাসান

**হজ—যে শিক্ষা সবার জন্য**

**প্রথম সংস্করণ :** জুন ২০১৯

**গ্রন্থস্বত্ব :** প্রকাশক কর্তৃক সংরক্ষিত

মাকতাবাতুল হাসানের পক্ষে প্রকাশক মো. রাকিবুল হাসান খান কর্তৃক প্রকাশিত ও শাহরিয়ার প্রিন্টার্স, ৪/১ পাটুয়াটুলি লেন, ঢাকা থেকে মুদ্রিত।

**প্রকাশনায়**

**মাকতাবাতুল হাসান**

মাদানীনগর মাদরাসা রোড, চিটাগাং রোড, নারায়ণগঞ্জ

৩৭, নর্থ ব্রুক হল রোড, বাংলাবাজার, ঢাকা

০১৭৮৭০০৭০৩০

**অনলাইন পরিবেশক**

নিয়ামাহ, রকমারি, ওয়াফি লাইফ, সিজদা, বইবাজার

**প্রচ্ছদ :** আবুল ফাতাহ মুন্না

**ISBN :** 978-984-8012-32-1

---

**মূল্য : ১২০/- টাকা মাত্র**

---

**Hajj Je Shikkha Sobar Jonno**
by Dr. Ragheb Sergani
Published by : Maktabatul Hasan, Bangladesh
E-mail: rakib1203@gmail.com Facebook/maktabahasan
www.maktabatulhasan.com

## ।। উৎসর্জন ।।

মাদরাসাতুল মানসুর বাংলাদেশ-এর স্বপ্নদ্রষ্টা ও প্রতিষ্ঠাতা সভাপতি খন্দকার মনসুর হোসেন সাহেবের সার্বিক কল্যাণ, উন্নতি ও সাফল্য কামনায়...।

—মহিউদ্দিন কাসেমী

©

প্রকাশক

প্রকাশকের লিখিত অনুমতি ছাড়া এ বইয়ের কোনো অংশের পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না, কোনো যান্ত্রিক উপায়ে প্রতিলিপি করা যাবে না, ডিস্ক বা তথ্যসংরক্ষণের কোনো যান্ত্রিক পদ্ধতিতে উৎপাদন বা প্রতিলিপি করা যাবে না। এ শর্তের লঙ্ঘন আইনী দৃষ্টিকোণ থেকে দণ্ডনীয়।

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| অনুবাদকের কথা | ৯ |
| সম্পাদকের কথা | ১১ |
| ভূমিকা | ১৫ |
| হজের বিধান কেন? | ১৭ |
| হজের প্রাপ্তি বা উপকারিতাসমূহ | ২২ |
| হজ কিভাবে পরকালের কথা স্মরণ করিয়ে দেয় | ২৮ |
| ২. মুসলিম উম্মাহর মাঝে ঐক্যের অনুভূতি তৈরি করা | ৩৬ |
| ৩. হজ আদায়কারী ব্যক্তির জীবনের নতুন অধ্যায়ের শুরু | ৩৭ |
| ৪. বিনা দ্বিধায় আল্লাহর বিধান মেনে নেওয়ার দীক্ষা | ৩৭ |
| ৫. সর্বস্তরের মুসলমানদের মধ্যে সমতা বিধান | ৩৯ |
| ৬. শয়তানের সাথে চিরস্থায়ী দ্বন্দ্বের অনুভূতি | ৩৯ |
| ৭. সব ধরনের উৎসর্গে অভ্যস্ত করে তোলা | ৪০ |
| ৮. অনাড়ম্বরতা ও মিতব্যয়িতার শিক্ষা | ৪১ |
| ৯. নম্রতা ও সদাচরণের দীক্ষা | ৪১ |
| ১০. অর্থনৈতিক লাভ | ৪২ |
| হজ করতে না পারা সাধারণ মুসলমানদের প্রাপ্তি | ৪৩ |
| হজের দিনগুলোর গুরুত্বপূর্ণ ইবাদতসমূহ | ৪৭ |
| ১. জিলহজের প্রথম নয় দিনের রোজা | ৪৭ |

**বিষয়** **পৃষ্ঠা**


২. নামাজের প্রতি গুরুত্বারোপ ............ ৪৮

৩. অধিক পরিমাণে নফল নামাজ আদায় ............ ৫১

৪. মহান আল্লাহর জিকির ............ ৫৬

৫. দুআ ............ ৬০

৬. কুরআনে কারিমের তিলাওয়াত ............ ৬১

৭. মুসলমানদের মধ্যে একতার বন্ধন তৈরি ............ ৬২

৮. সদকা করা ............ ৬৮

৯. মিতব্যয়ী হওয়া ............ ৬৯

১০. কুরবানি করা ............ ৭১

এই হলো দশটি কাজ ............ ৭৩

পরিশিষ্ট ............ ৭৬

# অনুবাদকের কথা

মহান আল্লাহ প্রতিটি মুসলমানের অন্তরে বাইতুল্লাহর অপরিমেয় ভালোবাসা তৈরি করে দিয়েছেন। মুসলমান মাত্রই উদ্‌গ্রীব থাকেন হজের জন্য। প্রত্যেক মুসলমান নর-নারীর জন্য জীবনে একবার হজ আদায় করা ফরজ। শর্ত হলো, তা আদায়ের সামর্থ্য থাকতে হবে। এজন্য যুগ যুগ ধরে অসংখ্য মুসলমান শারীরিক বা আর্থিক সামর্থ্য না থাকায় হজ আদায় করেন না। তবুও হজকে ইসলামের পাঁচটি মূল স্তম্ভের অন্তর্ভুক্ত করা হয়েছে।

হজের শরিয়তসিদ্ধতার মূল রহস্য কী? অল্প কিছু মানুষের পালন করা ইবাদাতটিকে কেন ইসলামের মূলস্তম্ভের স্বীকৃতি দেওয়া হলো? হজের মৌলিক লক্ষ্যই-বা কী? হজের উপকারিতা বা তা থেকে সমগ্র মুসলিম উম্মাহর প্রাপ্তি কী? এসব প্রশ্নের উত্তর খুঁজে বের করেছেন মিশরের প্রখ্যাত লেখক ড. রাগিব সারজানি। তুলে ধরেছেন ছোট্ট এই পুস্তিকাটিতে এর অজানা সব রহস্য ও তথ্য, পাঠকের সামনে যা উন্মোচন করবে হজ সম্পর্কে এক নতুন অধ্যায়ের। সবাইকে উৎসুক করে তুলবে হজের প্রাপ্তিগুলো অবগাহনের।

বইটির প্রকাশক, সম্পাদক ও প্রুফ সমন্বয়কারীসহ সকল শুভাকাঙ্ক্ষীর বিনিময়ের ভার সোপর্দ করছি উত্তম বিনিময়দাতা মহান আল্লাহর উদ্দেশে। বিশেষত সুফিয়ান আহমেদ ভাইয়ের কৃতজ্ঞতা প্রকাশ করছি, যিনি অত্যন্ত সবরের সাথে বইখানা প্রকাশের ব্যবস্থা করছেন। মহান আল্লাহ সবার খিদমতকে ইখলাসের মোড়কে কবুল করুন।

— মহিউদ্দিন কাসেমী
১৬/০৬/২০১৯ খ্রি.

## সম্পাদকের কথা

হজ। নামটি শুনলেই কেমন হৃদয়ের স্পন্দন বেড়ে যায়! এ যে প্রতিটি মুমিনেরই অন্তরের চাওয়া-পাওয়ার পরম এক প্রাপ্তি!! কে না চায় তাঁর মহান রবের সান্নিধ্যে তাঁর ঘরের দিদারে ধন্য হতে!!! বস্তুত হতভাগা ছাড়া আর কেউ এমন মহান নিয়ামতের কামনা থেকে দূরে থাকতে পারে না। নেককার হোক বা বদকার, আরব হোক বা অনারব, দূরের হোক বা কাছের, সক্ষম হোক বা অক্ষম—সবাই এটার জন্য উদ্‌গ্রীব থাকে। আজ হোক বা কাল—একদিন হজ করার ইচ্ছা সবাই-ই অন্তরে লালন করে। সমাজেও হজ আদায়কারীকে অত্যন্ত সম্মানের চোখে দেখা হয়। আলাদাভাবে তার উপাধীই হয়ে যায় আলহাজ বা হাজি সাহেব।

হজের মধ্যে আল্লাহর বিভিন্ন কুদরত দর্শন, বিভিন্ন নবিদের স্মৃতি রোমন্থন, আল্লাহর প্রেমে হারিয়ে যাওয়া, ইবরাহিমি চেতনায় উজ্জীবিত হওয়াসহ অগণিত প্রাপ্তি রয়েছে। একটি হজ একজন মানুষকে নতুন করে ভাবতে শেখায়। জীবনের পাপ-পঙ্কিলতা সব ধুয়েমুছে পরিষ্কার করে জীবনকে আমূল পাল্টে ফেলতে সাহায্য করে। আর এজন্যই ইসলামে এর রয়েছে বিশেষ অবস্থান। ইসলামের

প্রধান পাঁচটি স্তম্ভের একটি বলে এটাকে বিবেচিত করা হয়েছে।

কিন্তু প্রশ্ন হলো, হজের অনেক অনেক প্রাপ্তি ও উপকারিতা থাকলেও এটা তো মুষ্টিমেয় কিছু মানুষের ওপর ফরজ হয়; আর তা-ও আবার জীবনে একবার মাত্র। তাহলে এমন একটি ইবাদতকে ইসলাম তার অন্যতম একটি মূলস্তম্ভ হিসেবে কিভাবে নির্ধারণ করল?! এ প্রশ্নটি দীর্ঘদিন ধরে আমারও ছিল। বিষয়টির রহস্য পুরোপুরি বুঝা বেশ দুষ্কর ছিল। আল্লাহ জাজায়ে খায়ের দান করুন ড. রাগিব সারজানিকে। তিনি ছোট্ট একটি পুস্তিকাতে অত্যন্ত সহজ ও সারগর্ভ আলোচনায় বিষয়টির পূর্ণাঙ্গ জবাব দিয়েছেন। আকলি ও নকলি দলিলাদি তুলে ধরে প্রমাণ করেছেন যে, হজ শুধু হাজিদের জন্যই নয়; বরং এর ব্যাপ্তি সর্বজনীন। হাজি ও নন-হাজি সবার জন্যই এতে রয়েছে চমৎকার সব শিক্ষা। হাজি ছাড়া অন্যদের জন্যও যে এতে কত শিক্ষা থাকতে পারে, তা ড. রাগিব সারজানির এ সংক্ষিপ্ত বইটি না পড়লে অজানাই থেকে যেত।

ধন্যবাদ জানাতে হয় 'মাকতাবাতুল হাসান'-কে ছোট্ট কলেবরের হলেও এমন একটি গুরুত্বপূর্ণ পুস্তিকাটির অনুবাদ প্রকাশ করায়। সাধারণত ছোট বই আমরা অনেক সময় অবহেলা করে ফেলে রাখি, কিন্তু অনেক সময় এতেও যে কত মূল্যবান হীরে-জহরত লুকিয়ে থাকে, তার বাস্তব প্রমাণ এ পুস্তিকাটি। বইটি অনুবাদ করেছেন মহিউদ্দিন কাসেমী ভাই। মাশাআল্লাহ! অনুবাদ বেশ

সাবলীল ও সুন্দর হয়েছে। সম্পাদনা করতে গিয়ে বেশ কিছু পরিমার্জন-পরিবর্ধনসহ হাদিসের উদ্ধৃতি, ক্ষেত্রবিশেষে হাদিসের তাহকিক এবং অনুবাদটিকে আরবি মূল বইয়ের সাথে মিলিয়ে কমবেশি বাদ অংশগুলোও যথাযথভাবে ঠিক করে দেওয়ার চেষ্টা করেছি। সার্বিক বিবেচনায় ড. রাগিব সারজানির চমৎকার এ বইটি পাঠকদের বিমুগ্ধ করবে বলে আমাদের বিশ্বাস।

পাঠকদের সমীপে আবেদন থাকবে, বইটি আগাগোড়া পুরোটুকু পড়বেন। নিজেও পড়বেন, অন্যকেও পড়তে উৎসাহিত করবেন। আশা করি, হজের বিষয়ে আপনার দৃষ্টিভঙ্গি পাল্টে যাবে। নতুন করে হজের জন্য দিল-মন বেকারার হবে। আল্লাহর জন্য দিওয়ানা হওয়ার এ বিশেষ ইবাদত পালনের সুযোগপ্রাপ্তি তো আমাদের সবারই কলবের তামান্না। আর কলবের তামান্না বৃদ্ধি পেলে এবং আল্লাহ রহম করলে অবশ্যই তিনি আমাদের বাইতুল্লাহর মুসাফির হিসাবে কবুল করবেন ইনশাআল্লাহ। আল্লাহর কাছে আমরা এ দুআই করি, তিনি এ বইটির লেখক, প্রকাশক, অনুবাদক, সম্পাদক, পাঠকসহ সবাইকে কবুল করুন এবং সবাইকে বাইতুল্লাহর দিদার লাভে ধন্য করুন। আমিন।

তারেকুজ্জামান

১৬/০৬/২০১৯ খ্রি.

# ভূমিকা

أَعُوْذُ بِاللهِ السَّمِيْعِ الْعَلِيْمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ. بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

إِنَّ الْحَمْدَ لِلهِ نَحْمَدُهُ وَنَسْتَعِيْنُهُ، وَنَسْتَغْفِرُهُ وَنَسْتَهْدِيْهِ. وَنَعُوْذُ بِاللهِ مِنْ شُرُوْرِ أَنْفُسِنَا وَمِنْ سَيِّئَاتِ أَعْمَالِنَا. إِنَّهُ مَنْ يَهْدِهِ اللهُ فَلَا مُضِلَّ لَهُ، وَمَنْ يُضْلِلْ فَلَا هَادِيَ لَهُ. وَأَشْهَدُ أَنْ لَا إِلٰهَ إِلَّا اللهُ وَحْدَهُ وَلَا شَرِيْكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُوْلُهُ. أَمَّا بَعْدُ...

বুখারি-মুসলিমসহ বিভিন্ন হাদিসগ্রন্থে আব্দুল্লাহ বিন উমর রা. থেকে বর্ণিত একটি হাদিসের মর্মার্থ নিয়ে আমি বেশ চিন্তিত ও অস্থির ছিলাম। হাদিসটিতে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন :

بُنِيَ الْإِسْلَامُ عَلَى خَمْسٍ: شَهَادَةِ أَنْ لَا إِلٰهَ إِلَّا اللهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُوْلُ اللهِ، وَإِقَامِ الصَّلَاةِ، وَإِيْتَاءِ الزَّكَاةِ، وَالْحَجِّ، وَصَوْمِ رَمَضَانَ.

'ইসলামের ভিত্তিমূল হলো পাঁচটি। যথা :

১। আল্লাহ্ ছাড়া কোনো ইলাহ নেই এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহ্র রাসুল—এ কথার সাক্ষ্যদান।

২। নামাজ কায়েম করা

৩। জাকাত দেওয়া

৪। হজ করা এবং

৫। রমজানের রোজা রাখা।'[১]

---

[১] সহিহুল বুখারি : ৮

হাদিসটি অত্যন্ত প্রসিদ্ধ, সহিহাইনে[২] বর্ণিত ও অধিকাংশ মুসলমানের মুখস্ত থাকলেও এর মর্ম অনুধাবনের জন্য আমাদের গভীরভাবে চিন্তার প্রয়োজন রয়েছে। আসুন এর মর্ম উদ্ধারে কিছুটা ভাবা যাক।

ইসলাম একটি বিস্তীর্ণ স্থাপনা ও প্রকাণ্ড দুর্গসদৃশ, যার রয়েছে অসংখ্য বিধিবিধান, নীতিমালা ও আইন-কানুন। এটি পূর্ণাঙ্গ একটি জীবনব্যবস্থা ও সংবিধান, যা একজন মুসলমানের সাথে তার প্রভুর সম্পর্কের নীতিমালা প্রণয়ন করে। আরও থাকে একজন মুসলমানের সাথে তার পরিজন, আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব ও প্রতিবেশীর সম্পর্কের নীতিমালা। শুধু এতটুকুই নয়; বরং তা একজন মুসলমানকে তার শত্রুর সাথে করণীয় আচরণের ব্যাপারেও শিক্ষা দেয়।

ইসলামের রয়েছে এমন অগণিত বিধিবিধান ও নীতিমালা। ধর্মীয় এত নীতিমালা থাকতে মহান আল্লাহ মাত্র পাঁচটি বিষয়কেই কেন ইসলামের ভিত্তিমূল বানিয়েছেন, তা যেকোনো মানুষকেই ভাবিয়ে তোলে। যেখানে ধর্মীয় যাবতীয় বিধিবিধানকেই এই পাঁচটি বিষয়ের ওপর ভিত্তি করে স্থাপন করা হয়েছে। যদি এ পাঁচটি বস্তুর কোনো একটি বিনষ্ট হয়ে যায় তাহলে ইসলামের পুরো ভিত্তিই ভেঙে পড়বে।

কিন্তু সবচেয়ে বেশি অবাক করা ব্যাপার হলো, হজকেও ইসলামের মৌলিক পাঁচটি স্তম্ভের একটি বলে গণ্য করা হয়েছে, যার ওপর দাঁড়িয়ে আছে ইসলাম।

---

[২] 'সহিহাইন' এটি মুহাদ্দিসদের বিশেষ একটি পরিভাষা। এ থেকে উদ্দেশ্য সহিহ বুখারি ও সহিহ মুসলিম হাদিসগ্রন্থ দুটি উদ্দেশ্য।